দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 6 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবি 'খ' ইউনিটের ফল প্রকাশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা অনুষদের অধীনে ২০১৭-২০১৮ সেশনে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। এবার পাসের হার ১৬ দশমিক ৫৬। দেখা গেছে, এবার কলা অনুষদের ২ হাজার ৩৬৩টি আসনের বিপরীতে গত ২২ সেপ্টেম্বর অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ৩১ হাজার ৩৩৬ জনের মধ্যে পাস করেছেন ৫ হাজার ১৮৮ জন। বিভিন্ন জটিলতায় বাদ যায় ৩টি উত্তরপত্র। পরীক্ষার বিস্তারিত ফল ও ভর্তি প্রক্রিয়া সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েব সাইটে জানা যাবে। এছাড়া, DU KHA লিখে roll no টাইপ করে ১৬৩২১ নম্বরে যেকোন অপারেটরের মোবাইল ফোন থেকে send করে ফিরতি SMS-এ ফল জানা যাবে। পাসকৃত সকল শিক্ষার্থীকে আগামী ২৮ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে ১০ অক্টোবর বিকেল ৩টা পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ২৬ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবরের মধ্যে কলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ২৬ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবর তারিখের মধ্যে কলা অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| সংখ্যা পরিসংখ্যান বিভাগ | |
| ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর